R. N. No 2532/57

Regd. No. C. 853

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

খেতে ভাল ফোন—২৩
★ মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি
★ রেখা বিড়ি
ময়না বিড়ি ওয়ার্কস্
পোঃ ধুলিয়ান, (মুর্শিদাবাদ)
ট্রানজিট গোডাউন
ডালকোলা (ফোন—৩৫)

৬০শ বর্ষ
২৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৮শে কার্ত্তিক, বুধবার, ১৩৮০ সাল।
১৪ই নভেম্বর, ১৯৭৩ সাল।

নগদ মূল্য : ১০ পয়সা
বার্ষিক ৫৲, সডাক ৬৲

## নির্বীর্যকরণ অস্ত্রোপচারের নমুনা

সাগরদীঘি, ১৩ই নভেম্বর—গত ফেব্রুয়ারী এবং মার্চ্চ মাসে জন্মরোধে পুরুষদের স্থায়ী ব্যবস্থার জন্য যে ক্যাম্প বসানো হয়েছিল সেই ক্যাম্পে সরকারী অর্থের অপচয় করে এমন পুরুষদের নির্বীর্যকরণ করা হয়েছে, যাদের অস্ত্রোপচারের কোন প্রয়োজন ছিল না। সেই ধরণের কয়েকটি নমুনা এখানে প্রকাশ করা হ'ল :— ১) গাজলু মাল (৭০), গ্রাম দোহালী। পঙ্গু, পেশা ভিক্ষা। ১৪।১৫ বৎসর পূর্ব্বে তার স্ত্রী-পুত্র মারা গিয়েছে। ২) বসন্ত ফুলমালী (৮০), সাগরদীঘি। কুষ্ঠরোগী, পেশা মজুর। তিন বৎসর আগে স্ত্রী মারা গিয়েছে। ছোট ছেলের বয়স ১৭ বৎসর। ৩) এই থানার যুগর গ্রামের রওসন মণ্ডল (৭৫) কে স্ত্রী মারা যাওয়ার সাত বৎসর পর অস্ত্রোপচার করা হয়েছে এবং ঐ গ্রামের জোনাব আলীকে অনুরূপ অস্ত্রোপচার করা হয়েছে। জোনাব আলীর স্ত্রী নাই, ছোট ছেলের বয়স ৫০ বৎসর। এর আগে যাদের অস্ত্রোপচার করা হয়েছে ১) বোখারা গ্রামের জব্বার সেখ (৭৫) কে স্ত্রীর স্থায়ী ঋতুবন্ধের ছয় বৎসর পর অস্ত্রোপচার করা হয়েছে। ছোট ছেলের বয়স ১৫ বৎসর। ২) ব্রাহ্মণীগ্রামের সহিদ সেখকে একই অবস্থায় ভ্যাসাকটমী অপারেশন করা হয়েছে। বর্ত্তমানে সে হুগলী জেলার বাঁশবেড়িয়ার একটি মাদ্রাজী হোটেলে কাজ করে। ছোট ছেলের বয়স ১৬ বৎসর। এ ব্যাপারে আরও কয়েকজনের হদিশ আমাদের জানা আছে, প্রয়োজনবোধে প্রকাশ করা হবে।

অস্ত্রোপচারগুলি করে ছন এই কেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার ডাঃ রামমোহন মণ্ডল। সম্প্রতি তিনি যে ১৬০০ ভ্যাসাকটমী অপারেশন করে জেলায় সর্ব্বোচ্চ স্থানের অধিকারী হয়ে পুরস্কৃত হয়েছেন, তার সত্যতা যাচাইয়ের জন্য জেলা মুখ্য স্বাস্থ্যআধিকারিক নাম-ঠিকানাসহ রোগীদের স্বাক্ষর সংগ্রহের জন্য ডাঃ মণ্ডলকে নির্দ্দেশ দিয়েছেন।

## তিন পার্টির আইন অমান্য আন্দোলন

### ২ জন এম, এল, এ-সহ ৪২৫ জন গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ, ১২ই নভেম্বর—এস, ইউ, সি, ; আর, এস, পি এবং সি, পি, এম—এই তিন পার্টির আইন অমান্য আন্দোলনে আজ মহকুমা শাসকের অফিসে ফরাক্কার এম, এল, এ জেরাত আলী (সি, পি, এম), সুতীর এম, এল, এ শীষ মহম্মদ (আর, এস, পি) এবং এস, ইউ, সি নেতা অচিন্ত্য সিংহ সহ ৪২৫ জন গ্রেপ্তার বরণ করেন। মহকুমার বিভিন্ন এলাকা থেকে আইন অমান্যকারীরা এখানে জমায়েত হন এবং গ্রেপ্তার বরণ করেন। এস, ইউ, সি সমর্থক ২২৫ জন এবং সি, পি, এম ও আর, এস, পি সমর্থক ২০০ জন গ্রেপ্তার হন। পরে সকলকে ছেড়ে দেওয়া হয়।

## কর্ত্তব্যে গাফিলতির অভিযোগে সমসেরগঞ্জ থানার ও, সি সাসপেণ্ড

ধুলিয়ান, ৭ই নভেম্বর—ছাত্রকর্মী সুবল দাসের হত্যাকাণ্ডে কর্ত্তব্যে গাফিলতির অভিযোগে ধুলিয়ান এবং পার্শ্ববর্ত্তী অঞ্চলে যে অশান্তির সৃষ্টি হয় তারই পরিপ্রেক্ষিতে মুর্শিদাবাদের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট সমসেরগঞ্জ থানার ও, সি শ্রীঘটককে সাময়িকভাবে সাসপেণ্ড করেছেন। কর্ত্তব্যে গাফিলতির অভিযোগ পেয়ে এস, পি, ; এস, ডি, পি, ও এবং সি, আই গত ১লা নভেম্বর সরজমিনে তদন্ত করেন এবং ফিরে যাবার কিছুক্ষণ পরে পুলিশ সুপার ওয়ারলেসযোগে থানার ভারপ্রাপ্ত অফিসারের সাসপেণ্ডের নির্দ্দেশ পাঠান।

## সিমেণ্টের বাজার

সিমেণ্টের অভাব অনেকদিন থেকেই চলে আসছে। এইজন্যে লোকের নানা অসুবিধা হচ্ছে সন্দেহ নেই। নতুন বাড়ী তৈরী রীতিমত সমস্যার ব্যাপার। চাহিদামত সিমেণ্ট পাওয়া গেলে এই শহরের আরও সম্প্রসারণ ঘটত। সরবরাহ বিভাগের নিয়ন্ত্রণাধীনে সিমেণ্ট সামান্য আকারে পাওয়া যাচ্ছে ঠিকই, কিন্তু মুস্কিল হচ্ছে সিমেণ্ট ডেলিভারী নেওয়ার। স্থানীয় শহরে বেশ কয়েকজন সিমেণ্ট ডীলার আছেন, কিন্তু বর্ত্তমানে একজন ছাড়া আর কেউ সিমেণ্ট আমদানী করেন না। ফলে তার কাছে মাল না থাকায় অরঙ্গাবাদ—ধুলিয়ানে পারমিটের সিমেণ্ট আনতে যেতে হয়। যাঁরা ১৫।২০ বা তদূর্দ্ধ ব্যাগ সিমেণ্ট ক্রয়ের পারমিট পান, তাঁদের পক্ষে ট্রাক প্রভৃতির সুযোগ নেওয়া চলে। কিন্তু ২।৩ ব্যাগের পারমিট প্রাপকদের পক্ষে এই সিমেণ্ট আনা সুকঠিন এবং তদুপরি আনার খরচাও প্রচুর। সরবরাহ বিভাগ এই বিরাট অসুবিধা নিরসনের জন্যে কোন ব্যবস্থা করলে সর্বসাধারণের উপকার হয়।

## নিহত ছাত্রকর্মী স্মরণে

ধুলিয়ান, ১১ই নভেম্বর—নিহত ছাত্রকর্মী সুবল দাসের আত্মোৎসর্গের জন্য ধন্যবাদ জানিয়ে আজ এখানে এক জনসভায় প্রদেশ যুবকংগ্রেস সভাপতি শ্রীসুদীপ ব্যানার্জ্জী এবং সাধারণ সম্পাদক শ্রীসৌগত রায় বলেন যে, পাচার রোধে ছাত্রকর্মীর আত্মদানের জন্য আমরা গর্বিত। তার পরিবারবর্গের সাহায্যের জন্য পাঁচ হাজার টাকার একটি তহবিল খোলা হয়েছে। সরকারীভাবে আর্থিক সাহায্যদানের চেষ্টা করা হবে বলে তাঁরা জানান। মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক শ্রীসত্যনারায়ণ ব্যানার্জ্জী চলতি মাসে তাঁর বেতনের অর্দ্ধেক টাকা ঐ তহবিলে দান করবেন বলে ঘোষণা করেন।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—**সদরঘাট** *
ব্রাঞ্চ—**ফুলতলা**
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার
সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস,
ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

**জঙ্গিপুর সংবাদ**

২৮শে কার্ত্তিক বুধবার সন ১৩৮০ সাল।

## ॥ পঙ্গুচৈতন্য ॥

বিষাক্ত ব্যাধির আক্রমণে সারা দেহ যন্ত্রণাজর্জর হইয়া পড়িলে কোন বিশেষ স্থানের নূতন কোন বেদনা বা ব্যথা লইয়া 'উঃ'-'আঃ' করিবার আর অবকাশ থাকে না। কেন না আগের যন্ত্রণাতেই স্নায়ুতন্ত্র কাহিল হইয়া থাকে; তাই সামগ্রিক অনুভূতির প্রাবল্যে কোন পৃথক অনুভূতি হইবার নয়।

সেইরূপ মনের ক্ষেত্রেও। একটির পর একটি করিয়া বহু বিড়ম্বনা যখন মনকে ক্রমাগত আঘাত করিয়া চলে, তখন অসাড় মনে নূতন কোন ব্যাঘাত প্রতিক্রিয়ার সৃষ্টি করে না। জীবনযাত্রা নির্বাহের সর্বাঙ্গীণ জ্বালা মনকে এমন পর্যায়ে আনিয়া ফেলিয়াছে যে, 'জিনিসপত্রের দাম আগুন' ইত্যাদি বলিয়া কাহিল ভাব প্রকাশ করিবার কোন মানসিকতা কাহারও বোধ করি, নাই। অবশ্য কিছু কিছু ক্ষেত্রে জিনিসের দর না বাড়িলে সে কথা বলা চলিত।

খাদ্য—উৎপাদনের এবং সংগ্রহের লক্ষ্যমাত্রার পরিসংখ্যান আস্থির। সংগ্রহপদ্ধতিরও বিচিত্র ব্যর্থ-পন্থা। পরিধেয়—তুলার দাম পশ্চিমবঙ্গে এবং অন্যত্র এক নয়। ঔষধ—লেবেলেই যাহা চিনিতে পারা যায়, গুণে নয়। জ্বালানী—না জ্বলিয়া সকলকে জ্বালাতন কবিবার অশেষ ক্ষমতার অধিকারী। চাল-গম, ডাল-তেল, কয়লা-চিনি, কেরোসিন-পেটরোল ছাড়াও আর আর সবই দামে বাড়িয়াছে এবং মনের গলিতকুষ্ঠ ঘটাইতেছে। এমত অবস্থায় অভিযোগ কেই বা করিবে আর কী প্রকারেই বা করিবে? অনুভবের শক্তি আজ চলিয়া গিয়াছে। রাজ্যবাসী সর্ব অবস্থাতেই 'দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ'। মাতামাতি আর নাচানাচি কর্ণধারদের। কীর্তিকলাপের সাফাই গাহিবার মধ্য দিয়া কত কীর্তিকাহিনী শ্রুত হয় নেতাদের আপ্তবাক্যে চূড়ান্ত ত্যাগস্বীকার ও দুঃখবরণ চলিতেছে আগামী দিনের জন্য, যে সুদিনের আশ্বাস পঁচিশ বৎসর ধরিয়া কেবল নবীকৃত হইতেছে।

---

## ॥ 'ভাবে ইহা মহতের লীলা' ॥

গুরু রামদাস ছত্রপতি শিবাজীর গুরুভক্তি পরীক্ষা করিবার জন্য একদিন বলিলেন, 'চলো আজি ভিক্ষা করিবারে'। গুরু সমর্পিত প্রাণ মারাঠাবীর সেদিন সারা রাজধানী পদব্রজে ভিক্ষার ঝুলি কাঁধে লইয়া দুয়ারে দুয়ারে ভিক্ষা করিয়া বেড়াইলেন। পুরবাসীরা ভিক্ষা দিতে গিয়া স্তম্ভিত। তাঁহারা ছত্রপতির এইরূপ আচরণের কোন কুলকিনারা না পাইয়া 'ভাবে ইহা মহতের লীলা'।

অনুরূপ ঘটনা এ যুগেও কখনও কখনও ঘটিয়া থাকে বৈকি। পেটরোলের দাম বাড়িয়া গিয়াছে। রাজকীয় কাজে স্বভবন হইতে কর্মভবনে যাইতে মোটর গাড়ীর ব্যবহারে পেটরোল খরচা হইবে; সরকারী খতিয়ানে খরচের অঙ্ক বাড়িবে। তাই ঘোড়াগাড়ী চাপিয়া প্রধান মন্ত্রী সংসদভবনে আসিয়াছিলেন। অবশ্য প্রতিদিন আসিতেছেন কিনা, জানা যায়নি। কেন না, একদিনই মাত্র ফলাও আকারে সংবাদ ও ছবি ছাপাইয়া সংবাদপত্রগুলি স্বকর্তব্য পালন করিয়াছে। তবে সেক্ষেত্রে বলা হইয়াছিল প্রধান মন্ত্রী পেটরোলের খরচ কমাইবার এক দৃষ্টান্ত দেখাইয়াছেন। ঘোড়ার গাড়ীতে বসিয়া ফাইলপত্র দেখিতে দেখিতে তিনি সংসদভবনে গিয়াছিলেন।

দিল্লীর রাজপথে সেদিন সেই দৃশ্য যাঁহারা দেখিয়াছিলেন, তাঁহাদের মনে কোন চিন্তার উদ্রেক হইয়াছিল, জানি না; তবে সংবাদপত্রের পাঠক-গোষ্ঠী সেই সংবাদ পড়িয়া এবং ছবি দেখিয়া হয়ত বা ভাবিয়াছিলেন, মহতের লীলা ছাড়া ইহা আর কিছুই নয়। রাজকীয় কাজকর্মে পেটরোলের বাজে খরচার ব্যাপক কলরোল যখন শ্রুত হয় প্রতিনিয়ত, তখন প্রধান মন্ত্রীর অবলম্বিত ব্যবস্থাটি নিশ্চয়ই একটি আদর্শ উদাহরণ বলিয়া পরিগণিত হইবার যোগ্য।

## পুরাতনী

সম্পাদনা: শ্রীমৃগাঙ্কশেখর চক্রবর্ত্তী

### লাট সাহেব আগমনে মিউনিসিপালিটি

এই শুভাগমন উপলক্ষে জঙ্গিপুর মিউনিসিপালিটীর সদর রাস্তাগুলির রিফু কর্ম্ম আরম্ভ হইয়াছে। দুই একটী রাস্তা সম্পূর্ণরূপে মেরামতও হইয়াছে। জঙ্গিপুরবাসী করদাতাগণের এইটুকুই পরম লাভ। মহতের আগমনে ক্ষুদ্রেরা এইরূপেই ধন্য হইয়া থাকে। আশাকরি গত পূর্ব্ব বৎসর লর্ড কারমাইকেল বাহাদুরের নিকট যেমন জঙ্গিপুর হাসপাতালের সাহায্য বৃদ্ধির জন্য চেয়ারম্যান বাহাদুর প্রার্থনা করিয়াছিলেন, এবারেও যেন তজ্জন্য প্রয়াসী হন।

জঙ্গিপুর সংবাদ

৩০।৪।১৩২৪ ইং ১৫।৮।১৯১৭

## চিঠি-পত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন)

মহাশয়,

রঘুনাথগঞ্জ ১নং ব্লক অফিস হ'তে কতগুলি নারকেল চারা বিক্রী হবার সংবাদ পেয়ে আমি গত ৬।১১।৭৩ এ, ই, ও শ্রীউপাধ্যায়ের নিকট যাই এবং দু'টি চারা খরিদের ইচ্ছা প্রকাশ করলে তিনি জানান যে, যাঁরা নারকেল চারার জন্য আগে দরখাস্ত করেছেন তাঁদের নামে সভায় তালিকা প্রস্তুত করা হয়েছে, তাঁরাই চারাগুলি পাবেন এবং এখন আর নূতন কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। আমি তাঁর কথা শুনে ব্যর্থ হয়ে ফিরে আসি। পরে আমার কয়েকজন বন্ধুকে কোন দরখাস্ত না করেই নারকেল চারা নিয়ে আসতে দেখি এবং তাদের একজন মারফৎ আমি দু'টি চারা সংগ্রহ করি। এ ব্যাপারে কর্তৃপক্ষের নিকট আমার আবেদন— রঘুনাথগঞ্জ ১নং ব্লক অফিসের এ, ই, ও শ্রীউপাধ্যায় একজন সরকারী কর্মচারী হ'য়ে এরূপ নগ্ন পক্ষপাতিত্ব করলেন কেন? এর উপযুক্ত তদন্ত প্রার্থনা করছি।

৯.১১.৭৩ শ্রীযতীন্দ্রমোহন চৌধুরী,
সম্পাদক, জঙ্গিপুর সিভিল কোর্ট বার এসোসিয়েশন

## ১৭ই নভেম্বরের ডাকে
### মুর্শিদাবাদ জেলা শিক্ষক সমিতি
(এ, বি, টি, এ)

মুর্শিদাবাদ জেলা শিক্ষক সমিতির সম্পাদক শ্রীপ্রভাত রায়চৌধুরী এক লিখিত আবেদনে ১৭ই নভেম্বর সাধারণ ধর্মঘট ও হরতাল পালনের জন্যে শিক্ষক ও শিক্ষাকর্মিগণকে আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন যে, জনজীবনের সকল ক্ষেত্রে চরম সংকট পরিলক্ষিত। খাদ্যাভাব ও খাদ্যদ্রব্যসহ যাবতীয় অত্যাবশ্যক দ্রব্যাদির অস্বাভাবিক মূল্যবৃদ্ধি মানুষকে চরম দুর্দশায় এনে ফেলেছে। শ্রীরায়-চৌধুরীর মতে সরকার এই মূল্যবৃদ্ধির দ্বারা মুনাফাখোর ও কালোবাজারীদের প্রশ্রয় দিচ্ছেন। কাগজের মূল্যবৃদ্ধি শিক্ষাজগতে মহা সমস্যা এনে দিয়েছে। তিনি বলেছেন যে, শিক্ষক ও শিক্ষা-কর্মীসমাজ বৃহত্তর জনগণেরই অংশ। বিভিন্ন ট্রেড ইউনিয়ন আহূত ও বিভিন্ন বামপন্থীদল সমর্থিত এই সাধারণ ধর্মঘট ও হরতালসহ গণআন্দোলনে সামিল হওয়ার জন্যে তিনি সকল বিদ্যালয় কর্মীকে অনুরোধ করেছেন।

### ১৯৫ লিটার কেরোসিন আটক

সাগরদীঘি, ১০ই নভেম্বর—খাদ্য ও সরবরাহ বিভাগের স্থানীয় সহ-পরিদর্শক শ্রীঅমর মৈত্র সম্প্রতি একটি মুদীর দোকান থেকে হিসাব বহির্ভূত ১৯৫ লিটার কেরোসিন তেল আটক করেছেন। ঐ তেল আংশিক রেশন দোকানের মাধ্যমে ন্যায্যমূল্যে বিক্রী করা হচ্ছে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, দাম বাড়ার দিন থেকে বাজারে কেরোসিন পাওয়া যাচ্ছে না। বেশীর ভাগ দোকানে হ্যাজাগের পরিবর্ত্তে কুপি অথবা মোমবাতি জ্বলতে দেখা যাচ্ছে। গৃহিনী এবং ছাত্রদের নাজেহাল হ'তে হচ্ছে।

## ডাকাতি, নারী হরণ, পথচারী নিগৃহীত

### সর্বত্র পুলিশী ব্যর্থতা

বাহাগলপুর, ৬ই নভেম্বর—গত ৪ঠা নভেম্বর রাত প্রায় দেড়টা নাগাদ সমসেরগঞ্জ থানার গারুলী-পাড়া গ্রামের বিশিষ্ট সমাজসেবী শ্রীজগন্নাথ চৌধুরীর বাড়ীতে বারো চৌদ্দ জনের একদল সশস্ত্র ডাকাত হানা দিয়ে কয়েক হাজার টাকা ও গহনা নিয়ে চম্পট দেয়। ডাকাতদল দরজা ভেঙ্গে বাড়ীতে প্রবেশ করে এবং পালিয়ে যাবার সময় পটকা ফাটায়। এ ব্যাপারে কেউ গ্রেপ্তার হয়নি।

* * *

সাগরদীঘি, ৬ই নভেম্বর—টাকার লোভ দেখিয়ে বন্যেশ্বর গ্রামের বৈদ্যনাথ মালের ১৪ বছরের মেয়েকে নিয়ে পালিয়েছে জিনদীঘি গ্রামের নজফুল দেওয়ান গত ৬ই অক্টোবর। আজ পর্যন্ত নিখোঁজ নাবালিকার পাত্তা মেলেনি। বৈদ্যনাথের দুর্বলতার সুযোগ নিয়ে নজফুল ঐ নাবালিকাকে কোন শহরে লুকিয়ে রেখেছে বলে গ্রামবাসীরা অভিযোগ করেছেন। এ ব্যাপারে বৈদ্যনাথ ঘটনাস্থলে এসে অনুসন্ধান করতে এবং অপরাধীকে ধরবার জন্য তৎপর হতে সাগরদীঘি থানায় দিনের পর দিন আবেদন জানিয়েও পুলিশের কোন সাহায্য পায়নি। আমাদের কাছে গ্রামবাসীরা আরও অভিযোগ করেছেন যে, নজফুলকে গ্রামের কয়েকজন প্রভাবশালী ব্যক্তি এই ব্যাপারে নাকি মদত জোগাচ্ছেন।

* * *

ধুলিয়ান, ৫ই নভেম্বর—সম্প্রতি সমসেরগঞ্জ থানার লস্করপুর গ্রামের রেশন দোকানের জনৈক কর্মচারী রামরতন সরকার সন্ধ্যা ৭-৩০ নাগাদ পথিমধ্যে দুর্বৃত্ত কর্তৃক আক্রান্ত হয়ে সাংঘাতিকভাবে জখম হন। তাঁকে জঙ্গিপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়। এই ঘটনা থানায় জানিয়ে সরজমিনে তদন্তের অনুরোধ জানালেও আজ পর্যন্ত কোন পুলিশ ঘটনাস্থলে আসেনি।

## সংশোধন

পূর্ব্বে প্রকাশিত স্বল্প সঞ্চয়ে লটারীর বিজ্ঞাপনে ১লা নভেম্বর থেকে পোষ্ট অফিস সেভিংস ব্যাংকে অন্ততঃ দুশো টাকা জমা রাখার যে ঘোষণা করা হ'য়েছিল সেই তারিখটি বদলে ১লা ডিসেম্বর করা হ'য়েছে।

[ মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর কর্তৃক প্রচারিত। ] মেমো নং ৭৮২(৫) ইনফ/মুঃ

—সকল প্রকার ঔষধের জন্য—

নির্ণয় ও নিরাময়

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

## অন্য মনে ॥

### লাখ টাকার স্বপ্ন

অফিসে বেরিয়ে ফুলতলার মোড়ে বাসের জন্যে অপেক্ষা করছিলাম। হঠাৎ তারস্বরে পোর্টেবল মাইক্রোফোনের চিৎকার: 'লাখ টাকা লাখ টাকা।' অবাক হলাম: এই বাজারে লাখ টাকার কথা শোনায় কে মশায়! আবার চিৎকার: 'মাত্র এক টাকায় লাখ টাকা জিতে নিন।' হ্যাঁ, ব্যাপারটা এবার বোধগম্য হোল একটু। তাহ'লে লটারী। ভদ্রলোক 'ষ্টেট লটারী'র টিকিট বিক্রী করছেন। আজ ক'বছর ধরেই ওঁকে ষ্টেট লটারীর টিকিট বিক্রী করতে দেখছি। অপরের কপাল ফেরাচ্ছেন কেবল। কিন্তু নিজের ফাটা কপাল জোড়া লাগছে না আর।

আমার সঙ্গে ওঁর আলাপ আছে। হঠাৎ দেখি নজর পড়েছে। মাইক্রোফোনের মাউথপিস টেবিলে রেখে নিকোটিনের ছোপধরা খয়েরী দাঁতগুলো বের করে হাসলেন।—'নমস্কার সত্যবাবু। কি ব্যাপার বলুন তো মশাই দীর্ঘদিন ধরে বে-পাত্তা যে—কোথায় ছিলেন এতো দিন!'

ফিক করে দেঁতো হাসি হাসলাম।—'আর বলেন কেন দাদা চিত্রগুপ্তের খাতায় নাম লেখাতে লেখাতে দৈবাৎ ফস্‌কে পালিয়ে এসেছি।'

'আহাহা!' ভদ্রলোক জিভ দিয়ে সমবেদনা-সূচক চুকচুক শব্দ করলেন: 'চেহারাটা আপনার ভীষণ ভেঙ্গে গেছে দেখছি। তা অসুখটা কি বলছে ডাক্তার?'

'নানান মুনির নানান মত মশাই—আপাততঃ ভিজিট আর প্রেসক্রিপসনের বায়নাক্কাতেই হায়রাণ—কোনগতিকে জোড়াতালি দিয়ে বেরিয়েছি এখন। যাকগে ওসব আপনার খবর বলুন।'

'খবর!' ভদ্রলোক আঁতকে উঠেন। 'খবর কি আছে মশাই। অপরকেই খবর দিয়ে চলেছি—নিজের খবর ব্লাঙ্ক। অন্যের কপালের খোঁজ দিচ্ছি—আমার কপাল ফাঁকাই থাকছে। আপাততঃ গলার জোর আনতে দশ কাপ চা'য়ের বরাদ্দ বেড়ে পনের কাপ হয়েছে।'

বহরমপুরগামী বাসটা আসার সময় হয়েছে। বেশ ভিড় জমেছে। ভদ্রলোক আমার দিকে তাকিয়ে পুনশ্চ একটু মুচকি হাসলেন। হঠাৎ মাউথপিস উঠিয়ে নিয়ে নাটকীয়ভাবে শুরু করে দেলেন: 'হরিয়ানা-হরিযানা। রাতারাতি বড়-লোক হবার একমাত্র উপায়। মাত্র এক টাকা, এক টাকায় বাড়ী-গাড়ী আর সারাজীবনের নিশ্চিন্ত আরাম।'

বাস এসে গেছে। ধাক্কাধাক্কি করে উঠে পড়লাম। আপাততঃ কিছুক্ষণের জন্যে নিশ্চিন্তি। কিন্তু ভাবছি এক টাকার একটা হরিয়ানা কাটবো কিনা ফেরার পথে। জানি আমার ফাটা কপালও জোড়া লাগবে না, কিন্তু দুশ্চিন্তার মুহূর্ত্তে অন্ততঃ কয়েকটা দিন এক টাকার বিনিময়ে একটা কাল্পনিক স্বর্গ নির্মাণ করা যেতো। —সত্যানন্দ

## আরও চাল আটক

সাগরদীঘি, ৬ই নভেম্বর—পুলিশ গত রাত্রে স্থানীয় নিউ মার্কেট থেকে ৯'৪২ কুইণ্টাল বেআইনী চাল আটক করেছে। লাইসেন্সধারী নয় এমন তিনটি আড়ত থেকে ঐ পরিমাণ চাল আটক করা হয়। কেউ গ্রেপ্তার হয়নি। কোন ক্ষেত্রে আটক চাল ঘটনাস্থলে ওজন এবং তালিকা করা হচ্ছে না বলে স্থানীয় জনসাধারণ ক্ষুব্ধ হয়েছেন। থানার একজন এ, এস, আইকে এ ব্যাপারে প্রশ্ন করা হলে জানান যে, দাঁড়িপাল্লার অভাবে ঘটনাস্থলে আটক চাল ওজন করা সম্ভব হচ্ছে না। তবে থানায় আসার সঙ্গে সঙ্গে সেই চাল ওজন করে তালিকা তৈরী করা হচ্ছে। এই সংবাদ লেখা পর্যন্ত ৬১'৪২ কুইণ্টাল ( এক শ' সাড়ে তিপান্ন মণ ) বে-আইনী চাল আটক করা হয়েছে।

## জয় জগৎ পুরস্কার

সুস্থ জীবন বোধের প্রচার ও প্রসারকল্পে সর্বোদয় প্রকাশন সমিতি ঝাড়গ্রামস্থ সেবায়তনের ডাঃ দেবব্রত পালের অর্থানুকূল্যে গান্ধীজীর অহিংস বিপ্লবের আদর্শ সর্বোদয়ের ভিত্তিতে ছোট গল্প রচনার একটি প্রতিযোগিতার ব্যবস্থা করেছেন। ছোট গল্পটি আনুমানিক তিন হাজার শব্দের মধ্যে হওয়া চাই। এই গল্প ৩১শে ডিসেম্বর, ১৯৭৩ সালের মধ্যে সর্বোদয় পত্রিকা অফিস, সি/৫২ কলেজ ষ্ট্রীট মার্কেট, কলিকাতা-১২, এই ঠিকানায় পৌছান দরকার। বিচারে নির্ণীত শ্রেষ্ঠ গল্পের লেখককে চার শত টাকার ১টি পুরস্কার দানের প্রস্তাব সর্বোদয় প্রকাশন সমিতি নিয়েছেন। ১৯৭৪ সালের ১২ই ফেব্রুয়ারী ব্যারাকপুর গান্ধী ঘাটের বৈকালিক অনুষ্ঠানে এই পুরস্কার দেওয়া হবে। নির্বাচিত রচনার সবস্বত্ব লেখকের থাকবে।

আপনারা প্রত্যেকে এই জয় জগৎ পুরস্কার প্রতিযোগিতায় যোগদান করে, দেশব্যাপী নৈরাশ্য ও নৈরাজ্যপূর্ণ ক্ষয়িষ্ণু সামাজিক পটভূমিকায় শুভ-বুদ্ধি ও সুস্থ জীবন বোধকে জাগ্রত করুন, জয়যুক্ত করুন।

## দুঃখুলাল নিবারণচন্দ্র কলেজ

**অরঙ্গাবাদ ঃ মুর্শিদাবাদ**

ভাগীরথী তীরবর্তী মনোরম প্রাকৃতিক পরিবেশে নির্মিত সুদৃশ্য কলেজ ভবন। প্রাক্ বিশ্ববিদ্যালয়, কলা, বাণিজ্য ও স্নাতক শ্রেণীতে ভর্তি চলছে। দিবা বিভাগে সহ শিক্ষা সহ ইতিহাস, দর্শনশাস্ত্র, অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান পড়ানো হয়। রাষ্ট্র-বিজ্ঞানে অনার্স আছে। নৈশ বিভাগে বাণিজ্যে এ্যাকাউণ্টেন্সিতে অনার্স আছে। ছাত্রাবাসের সুবিধা আছে। অভিজ্ঞ অধ্যাপকমণ্ডলী এবং প্রতিটি বিষয়ে টিউটোরিয়াল ক্লাশের ব্যবস্থা আছে। ভর্তির জন্যে সত্বর আবেদন করুন।

—অধ্যক্ষ

## রিক্সাচালকের সততা

জঙ্গিপুর, ৮ই নভেম্বর—রঘুনাথগঞ্জ শহরের হু'জন রিক্সাচালকের সততার সংবাদ পাওয়া গিয়েছে।

গতকাল সকালে রিক্সাচালক আহম্মদ সেখ ডোমপাড়া ফেরীঘাটে স্নানে নেমে একটা শক্ত জিনিসের স্পর্শ পায়। জিনিসটিকে জল থেকে তুলে সে দেখে একটা সাইকেল। খোঁজ খবর নিয়ে জানা যায় যে, গত বর্ষার সময় নৌকাডুবিতে বালক সমেত সাইকেলটি নিখোঁজ হয়। সাইকেলটি থানায় জমা দেওয়া হয়েছে এবং মৃত বালকের আত্মীয়দের খবর দেওয়া হয়েছে।

আর একজন রিক্সা চালক, বনমালী মণ্ডল, গত ৫ই নভেম্বর সকালে তার রিক্সায় পাঁচশ' টাকা ভর্ত্তি একটা ব্যাগ পায়। ব্যাগের মালিক, একটা তেল কোম্পানীর প্রতিনিধি, উপযুক্ত প্রমাণ দিয়ে ব্যাগটি ফেরত নেন। তিনি ঐ রিক্সায় চেপে ফুলতলায় বাস ধরতে যাবার সময় ব্যাগটি ফেলে চলে যান।

## বন্ধ সমর্থনে জনসভা

সাগরদীঘি, ৭ই নভেম্বর—নয় পার্টির ডাকে আগামী ১৭ই নভেম্বর বাংলা বন্ধ সমর্থনে বেলখরিয়ায় তিন পার্টির আজকের এক জনসভায় সভাপতিত্ব করেন কৃষক সমিতির সাগরদীঘি থানা কমিটির সভাপতি শ্রীজয়চাঁদ দাস। আর, এস, পি-র অশোক চ্যাটার্জ্জী, সি, পি, এম-এর শৈলজানন্দ রায় এবং এস, ইউ, সি-র অচিন্ত্য সিংহ তাঁদের ভাষণে সরকারের তীব্র সমালোচনা করে বলেন যে, শোষক শক্তি ছাত্র এবং যুবসমাজের নৈতিকতার অধঃপতন ঘটাচ্ছেন। জনগণের কণ্ঠস্বরকে স্তব্ধ করে দেবার জন্য আধা ফ্যাসিষ্ট সন্ত্রাস ও দমন ব্যবস্থা চালানো হচ্ছে। পুলিশ বহরমপুরে আমাদের মিছিলের উপর লাঠি ও গুলি চালিয়েছে, বে-আইনীভাবে গ্রেপ্তার করেছে। সরকারের জনবিরোধী নীতি, খাদ্যনীতি, খাদ্য ও দ্রব্যমূল্য হ্রাস ইত্যাদির দাবিতে আজকের এই জনসভা। আগামী ১৭ই নভেম্বরের বন্ধ-এর সমর্থন জানিয়ে বক্তারা বলেন, আগামী ফসল রক্ষার জন্য ১৪ই নভেম্বর জেলা শাসকের নিকট গণঅবস্থান, গণআইন অমান্য এবং ১৭ই নভেম্বরের হরতালকে আপনারা সফল করে তুলুন।

## ॥ হর্ষবর্দ্ধন ॥

—শ্রীবাতুল

লালগোলায় কিছুদিন আগে জনৈক মন্ত্রীর বেয়ারা খবর দিলেন : মুখ্য-মন্ত্রীকে বৃটেনে ভারতের রাষ্ট্রদূত করা হতে পারে। তাঁর জায়গায় কংগ্রেসের উল্টোপিঠের জনৈক প্রাক্তন মন্ত্রীকে মুখ্যমন্ত্রী হিসাবে বসান হতে পারে। এঁদের মধ্যে একজন রাজী, অন্যজন হননি।

—বেয়ারা (ড়া)-খবর!

* * *

পেটরোল ও কেরোসিনের মূল্যবৃদ্ধির প্রতিবাদে এম, পি-রা গরুর গাড়ী চেপে সংসদ অধিবেশনে যোগ দিতে গিয়েছিলেন। —খবর

—চোরের উপর রাগ করে মাটিতে ভাত খাওয়া!

* * *

ফরিদপুরের খবর : জনৈক চাষী তিনশত ফুলগাছের টবে ধান লাগিয়ে আড়াই মণ চাল পেয়েছেন।

—খাদ্য উৎপাদনের নূতন পদক্ষেপ।

* * *

পেটরোলের মূল্যবৃদ্ধিতে গরীবদের তেমন কষ্ট হবে না বলেছেন প্রধান মন্ত্রী।

—গরীবী নেইই, তাই কষ্ট কী?

* * *

মধ্য কলকাতা জেলা কংগ্রেস কমিটির এক কর্মী সম্মেলনে শ্রীবিজয়সিং নাহার বলেছেন যে, এখন কংগ্রেসে এমন লোক আছেন যাঁদের নেতৃত্বদানের নৈতিক যোগ্যতা নাই। নিষ্ঠাবান কর্মীরা কংগ্রেসে পাত্তা পাচ্ছেন না।

—নিষ্ঠীবন নিক্ষেপণ।

## জগদ্ধাত্রী পূজা, যাত্রানুষ্ঠান

ধুলিয়ান, ৬ই নভেম্বর—অন্যান্যবারের মত এবারও কাঞ্চনতলা জমিদার বাড়ীতে মহাসমারোহে জগদ্ধাত্রী পূজা এবং মেলা হয়ে গেল। সেই উপলক্ষে বিভিন্ন এলাকা থেকে দর্শনার্থী মেলায় উপস্থিত হয়ে উৎসবকে কোলাহলমুখর করে তোলেন। উৎসবের দুই রাত্রে ধুলিয়ান কাঞ্চন অপেরার পরিচালনায় যাত্রাগান পরিবেশন করা হয়।

* * *

সাগরদীঘি, ৬ই নভেম্বর—সাগরদীঘি থানা কালীপূজা কমিটির উদ্যোগে সম্প্রতি "রিক্সাওয়ালা" এবং "শিবাজী" যাত্রা দুইটি সাফল্যের সাথে মঞ্চস্থ করা হয়।

## সাংস্কৃতিক অনুষ্ঠান

মির্জাপুর, ১১ই নভেম্বর—জঙ্গিপুর পৌরসভার পৌরপতি ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাবের উদ্যোগে শ্যামাপূজা উপলক্ষে চারদিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান শেষ হ'ল গত ৩০শে অক্টোবর। ২৭শে অক্টোবর থেকে ৩০শে অক্টোবর পর্যন্ত অভিনীত হয় "লাখ টাকা," "তাহার নামটি রঞ্জন," "ঘুম ভাঙ্গার গান" এবং বিচিত্রানুষ্ঠান ও ব্যায়াম প্রদর্শন করা হয়।




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।